W.B.P. FORM NO. 27

# FIRST INFORMATION REPORT

04749

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. BANKURA Sub-Divn. SADAR P.S. BELIATORE Year 2020 FIR No. 53/20 Date 13/10/20
2. (i) Act I.P.C. Sections 419/420/403/406 (ii) Act I.P.C Sections 376/506
   (iii) Act I.P.C. Sections 120 B Other Acts & Sections X
3. (a) General Diary Reference : Entry No. 1003 Time 18:35 HRS
   (b) Occurrence of Offence : Day ON AND FROM NOVEMBER, 2016 Date — Time —
   (c) Information Received Date ON 13·10·2020 Time 18:35 HRS
   G.D. No. 1003 At the Police Station:
4. Type of information : Written / Oral - WRITTEN
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. P.O. NOT FIXED UP
   (a) Address X
   (b) In case outside limit of this Police Station, then the name of P.S. X
   District X
6. Complaint/Informant :
   (a) Name RUPALI GHOSH
   (b) Father's / Husband's Name SUBODH GHOSH
   (c) Date / Year of Birth NOT NOTED
   (d) Nationality INDIAN
   (e) Address VILL- GOSWAMIPUR, P.S.- BELIATORE, DIST- BANKURA
7. Details of Know / Suspected / Unknown / Accused with full particulars. (Attach separate sheet, if necessary) ① JIBON GHOSH @ RAJ SEN @ RAJESH GHOSH S/O- BAUL CHANDRA GHOSH OF PARIKSHA PARA, P.S- INDUS, DIST- BANKURA. ② BIREN GHOSH S/O- BHUTNATH GHOSH OF MOLKIRI, PS- INDUS, DIST- BANKURA ③ MANAS GHOSH S/O- BAUL CHANDRA GHOSH OF PARIKSHA PARA, P.S- INDUS, DIST- BANKURA
8. Reasons for delay in reporting by complaint / informant : X
9. Particulars of properties stolen / Involved : (attach separate sheet, if required) : X
10. Total value of Properties stolen / Involved :
11. Inquest report / U.D. : Case No., If any : N/A
12. FIR Contents : (Attach separate sheet, if required) THE ORIGINAL WRITTEN COMPLAINT WHICH TREATED AS FIR ATTACHED HERE WITH.
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 419/420/403/406/376/506/120B IPC.

I S.I. RAJIB KUMAR RANA, O/C BELIATORE P.S.
registered the case and ~~took up the investigation~~ / directed S.I. SUBRATA GHOSH to take up the investigation transferred to P.S. ........ On point of jurisdiction. FIR read over to the complaint/ informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

THE SIGNATURE OF THE COMPLAINANT IS AVAILABLE ON WRITTEN COMPLAINT.

Signature/ Thumb Impression of the Complainant/ Informant

13.10.2020.

Signature of the officer-incharge, Police Station with
Name : RAJIB KUMAR RANA
Rank : S.I. OF POLICE
Number if any : O/C BELIATORE P.S.

Officer-in-charge
BELIATORE POLICE STATION
DIST- BANKURA (W.B.)

Scanned by CamScanner

IN THE COURT OF LD. CHIEF JUDICIAL MAGISTRATE AT BANKURA

**Misc. Petition No.......... of 2020**

রূপালী ঘোষ, পিতা- শ্রী সুবোধ ঘোষ, সাকিম গ্রাম- গোস্বামীপুর, পোঃ ও থানা- বেলিয়াতোড়, জেলা- বাঁকুড়া ।

........... বাদীনি

(VERSUS)

১) শ্রী জীবন ঘোষ ওর্ফে রাজ সেন ওর্ফে রাজেশ ঘোষ, পিতা - শ্রী বাউল চন্দ্র ঘোষ, সাকিম গ্রাম- পরীক্ষাপাড়া, মঙ্গলপুর, থানা- ইন্দাস, জেলা- বাঁকুড়া,

২) শ্রী বীরেন ঘোষ, পিতা- ভূতনাথ ঘোষ, সাকিম গ্রাম- মোলকিরি, থানা- ইন্দাস, জেলা- বাঁকুড়া,

৩) শ্রী মানস ঘোষ, পিতা - শ্রী বাউল চন্দ্র ঘোষ, সাকিম গ্রাম- পরীক্ষাপাড়া, মঙ্গলপুর, থানা- ইন্দাস, জেলা- বাঁকুড়া,

........... আসামীগন

**বাদীনি পক্ষে Cr. P. C.-র 156(3) ধারা মতে বর্তমান নালিশ F.I.R গন্য মতে Officer-in-Charge, Beliatore P.S. বরাবর তদন্তের নিমিত্ত প্রেরণের প্রার্থনায় দরখাস্ত ঃ-**

নিবেদন এই যে,

১) বর্তমান বাদীনি অত্রাদালতের এলেকাধীন বেলিয়াতোড় থানার অন্তর্গত গোস্বামীপুর গ্রামের স্থায়ী বাসিন্দা, সরল সাধাসিধা তথা ভারতীয় রেল বিভাগের একজন স্থায়ী কর্মচারী হইতেছেন, তিনি বর্তমানে হুগলী জেলার ডানকুনি-তে কর্মরতা আছেন ।

২) ইংরাজী ২০১৬ সালে বাদীনি বীরভূম জেলার নলহাটীর রেল দপ্তরে কর্মরতা ছিলেন । তথায় থাকাকালীন ২০১৬ সালের নভেম্বর মাসে ১ নং আসামী জীবন ঘোষ তাহার মোবাইল ফোনের Facebook account-এ নিজ প্রকৃত নাম গোপনে ভুয়ো নাম 'রাজ সেন' এবং তাঁহার 'পেশা ডাক্তার' মর্ম্মে status ও ভুয়ো ছবি দিয়া বাদীনির মোবাইল ফোনের Facebook account-এ friend request পাঠায় । বাদীনি উক্ত friend request দেখিয়া রাজ সেন যেহেতু একজন ডাক্তার তৎকারনে তিনি friend request accept করেন । অতঃপর ১ নং আসামী Facebook-এ chat করিয়া বাদীনির মোবাইল ফোন এবং whatsapp নম্বর প্রদান করিতে বলিলে বাদীনি সরল বিশ্বাসে তাহা প্রদান করেন । তৎপর হইতে বাদীনির সহিত ১ নং আসামীর ফোনে, whatsapp-এ এবং Facebook-এ কথাবার্তা ও chat চলিতে থাকে । ক্রমশঃ তাহাদের পরিচিতি গভীরে যায় এবং ১ নং আসামী বাদীনির সহিত ভালোবাসার সম্পর্ক গড়িয়া তোলে । তৎকালে বাদীনি জানিতেন না যে, উক্ত 'রাজ সেন পেশা

Received on 13/10/20 at 13:35 hrs & started Beliatore P.S. Case No- 53/20 dt- 13/10/20 u/s- 417/420/403/406/376/506/120B I.P.C.

13.10.20

Officer-in-charge
BELIATORE POLICE STATION
DIST-BANKURA (W.B.)

পরপৃষ্ঠা..........২

Scanned by CamScanner

ডাক্তার' আদতে ১ নং আসামী জীবন ঘোষেরই দেওয়া ভূয়ো নাম ও পেশা এবং 'রাজ সেন' আসলে ১ নং আসামী জীবন ঘোষ।

৩) ১ নং আসামী ও বাদীনির মধ্যে ফোনেই আলাপচারিতা চলিতে থাকে এবং তদবস্থায় ইংরাজী ২০১৭ সালের জানুয়ারী মাসের শেষ দিকে বাদীনি ছুটি লইয়া নিজ বাড়ী গোস্বামীপুর ফেরা কালে ১ নং আসামীকে ফোনে কথাবার্তায় বাদীনি তাঁহার বাড়ী ফেরার কথা পরিচয় করেন। উক্ত বিষয় জানিয়া ১ নং আসামী বাদীনিকে বলেন যে, ''তুমি দূর্গাপুরে নেমে অপেক্ষা কর, তোমার সাথে আমি তোমাদের বাড়ী যাব এবং আজই তোমাকে বিয়ে করব''। স্বাভাবিক কারনেই বাদীনি দূর্গাপুরে নামিয়া অনেক রাত্রি পর্য্যন্ত অপেক্ষা করিলেও ১ নং আসামী তথায় আসে নাই, এবং তাহার মোবাইল ফোনটিও switched off mode-এ হইয়া যায়। বাদীনি বাধ্য হইয়া রাত্রির শেষ বাস ধরিয়া কোনক্রমে বাড়ী ফেরেন।

৪) পরদিন সকালে বাদীনির মোবাইলে একটি মেসেজ আসে, যাহাতে 'রাজ সেন'-এর accident হয়েছে, সে বর্ধমানের একটি হাসপাতালে ভর্তি আছে, কথা বলতে পারছে না মর্ম্মে উল্লেখ ছিল। পরে বাদীনির তৎকালীন 8927792836 ও whatsapp 7319582338 নম্বর মোবাইলে ফোনে 9091417181 নম্বর মোবাইল ফোন হইতে 'রাজ সেন'-এর বাবা পরিচয় দিয়া বাদীনিকে জানানো হয় 'রাজ' -এর অবস্থা খারাপ, ওকে কলিকাতার পি. জি. তে নিয়ে যাওয়া হচ্ছে। পরে পুনরায় বাদীনিকে ফোন মারফৎ জানানো হয় পি. জি.-তে 'রাজ'-এর চিকিৎসা হবে না, 72 ঘন্টার মধ্যে ওকে ব্যাঙ্গালোরের মনিপাল হাসপাতালে নিয়ে যাওয়া হবে, এবং ঘটনার দিনে বাইকে রাজ-এর সাথে যে সঙ্গী -বন্ধু ছিল সে পি. জি.-তে মারা গেছে। এইভাবে কিছুদিন চলিয়া আসিতে থাকার পর রাজ সেন ওর্ফে জীবন ঘোষ অর্থাৎ ১ নং আসামী বাদীনিকে ফোন করিয়া জানায় যে, বাইকে দূর্গাপুর আসার সময় তার কাছে নগদ 40000/- টাকা ও বাদীনিকে দেওয়ার জন্য 2,00,000/- টাকার সোনার গয়না ছিল, কিন্তু দূর্ঘটনায় সবই খোয়া গেছে, তার accident-এর বিষয় গয়নার দোকানের মালিক জানতে পেরেছে এবং তার কখন কি হয়ে যাবে, সেইকারনে দোকানের মালিক টাকা চাইছে, বাদীনি যেন খুব তাড়াতাড়ি টাকা পয়সা তুলিয়া অন্ততঃ 40000/- টাকা সংগ্রহ করিবার পর তাহা জানাইলে 'রাজ সেন' তাহার বন্ধু রাজেশ ঘোষকে বেলিয়াতোড়ে পাঠাইবে, সেখানে বাদীনি যেন তাহার হাতে উক্ত টাকা প্রদান করিয়া দেন।

৫) বর্তমান ১ নং আসামী মন ভোলানো কথা বলিয়া বাদীনিকে এতটাই ভালোবাসার জালে জড়াইয়া ফেলিয়াছিল যে, তাহার কথা মতো তৎকালে 'নোট বন্দী'-র কারনে ধাপে ধাপে বেলিয়াতোড়ের S.B.I. এবং U.B.I. ব্যাঙ্কে বাদীনি তাঁহার account হইতে টাকা তুলিয়া তাহা ১ নং আসামীকে জানাইলে সে 01/04/2017 তারিখে রাজেশ

পরপৃষ্ঠা.........৩

Scanned by CamScanner

(৩)

ঘোষকে বেলিয়াতোড়ে পাঠাইবার কথা জানায় । সেইমতো 01/04/2017 তারিখে বাদীনি তাহার ভাই সুখেন ঘোষকে লইয়া বেলিয়াতোড়ে আসেন এবং ব্যাঙ্ক হইতে উপরোক্ত ভাবে সংগৃহীত টাকা ১ নং আসামীর কথামতো ও তাহার প্রেরিত ব্যক্তি রাজেশ ঘোষের হাতে প্রদান করেন । তৎকালেও বাদীনি জানিতেন না যে, 'রাজ সেন' 'রাজেশ ঘোষ' ও 'জীবন ঘোষ' আসলে একই ব্যক্তি এবং জীবন ঘোষ তার নাম ভাঁড়াচ্ছে ।

৬) বর্তমান ২ নং আসামী বীরেন ঘোষ এবং ৩ নং আসামী মানস ঘোষ ১ নং আসামীর যথাক্রমে মামা ও ভাই হইতেছে । এক্ষনে আসামীগন পরস্পর মিলিত ষড়যন্ত্র ও প্রতারনাক্রমে ১ নং আসামীর ভাঁড়ানো নাম 'রাজ সেন'-এর চিকিৎসার নাম করিয়া এবং যেহেতু 'রাজ সেন'-এর সহিত বাদীনির বিবাহ হইবে সেইকারনে তাহাকে সুস্থ করিয়া তোলার সব খরচই বাদীনিকে বহন করিতে হইবে এমত প্রকাশে বাদীনিকে ঠকাইয়া, ফুসলাইয়া তাহার নিকট হইতে নগদ 13,00,000/- টাকা, ১ জোড়া সোনার কানের রিং এবং 30,000/- টাকা মূল্যের অন্যান্য জিনিষপত্র, সোনার রিং-এর রসিদ ছাড়া অন্যান্য জিনিষপত্রের রসিদ সহ বিভিন্ন সময়ে 19/05/2019 তারিখ পর্য্যন্ত অসাধু উপায়ে আত্মসাৎ করে । উল্লেখ্য উক্ত টাকা বাদীনি তাঁহার নিজ বেতন, ব্যাঙ্ক লোন করিয়া, এল.আই.সি.আই. এবং আর.ডি.-এর টাকা আসামীগনকে প্রদান করিয়াছেন । এমতভাবে আসামীগন ষড়যন্ত্রক্রমে বাদীনিকে প্রতারনার জালে ফেলিয়া উক্ত টাকা ও জিনিষপত্র আত্মসাৎ করিবার পর বাদীনি পশ্চাৎ আসামীগনের প্রকাশিত মতো জানিতে পারেন যে, উক্ত 'রাজ সেন' ও 'রাজেশ ঘোষ' আসলে ১ নং আসামী জীবন ঘোষ এবং সে নিজ নাম ভাঁড়াইয়া ২ ও ৩ নং আসামীগনের সহযোগীতায় বাদীনির নিকট হইতে উক্ত টাকা ও জিনিষপত্র আত্মসাৎ করিয়াছে এবং সে আসামীগনের মিলিত ষড়যন্ত্রের শিকার হইয়া পড়িয়াছেন । অতঃপর বাদীনিকে আরোও গভীর প্রতারনার ফাঁদে ফেলিবার জন্য ১ নং আসামী ২ ও ৩ নং আসামীগনের সহিত ষড়যন্ত্র মতে বাদীনিকে বিবাহের প্রতিশ্রুতি দিয়া ১ নং আসামী বাদীনির সহিত 28/04/2018 তারিখ হইতে বাদীনির ইচ্ছার বিরুদ্ধে একাধিকবার তাহাকে ধর্ষন করে । বাদীনি বিবাহের পূর্বে শারিরিক সম্পর্ক স্থাপন করিতে অস্বীকার করিলে ১ নং আসামী বাদীনির কথা অগ্রাহ্য করিয়া প্রকাশ করে যে তাহার সঙ্গে সম্পর্ক স্থাপন না করিলে সে টাকা ও জিনিষপত্র ফেরৎ দিবে না এবং আরো প্রকাশ করে যে, ঘটনার কথা কোথাও প্রকাশ করিলে বা জানাইলে সে বাদীনিকে বিবাহও করিবে না । ফলে এক অজানা আশঙ্কায় বাদীনি ঘটনার কথা কোথাও প্রকাশ করিতে বা জানাইতে পারেন নাই ।

৭) অতঃপর ১ নং আসামী তাহার তৈয়ারী করা 'রাজ সেন' নামিত ভূয়া Facebook

পরপৃষ্ঠা............৪

Scanned by CamScanner

account বন্ধ করিয়া দেয় এবং তাহা দেখিয়া বাদীনি শঙ্কিত হইয়া পড়েন এবং তিনি ও তাঁহার বাড়ীর লোকজন ও আত্মীয়স্বজন যাহাতে ১ নং আসামী বাদীনিকে বিবাহ করেন ও টাকা এবং জিনিষপত্র ফেরৎ দেন তনমর্ম্মে বহু অনুরোধ উপরোধ ও চেষ্টা করিলেও ১ নং আসামী ২ ও ৩ নং আসামীগনের সহিত ষড়যন্ত্রক্রমে বাদীনিকে এড়াইয়া যাইতে থাকে । তৎপরে বাদীনি ও তাঁহার আত্মীয়স্বজনের বহু চেষ্টায় 07/06/2019 তারিখে ১ নং আসামী সাক্ষীগনের উপস্থিতিতে 13,00,000/- টাকা লওয়া ও পরিশোধের বিষয় লিখিতভাবে স্বীকার করিলেও তাহা তিনি বাদীনিকে ফেরৎ না দিয়া অসাধু উপায়ে আত্মসাৎ করিয়াছে এবং তাহারা বাদীনিকে কোনরূপ পাত্তা দিতেছে না ।

৮) গত ইংরাজী 23/08/2020 তারিখে সকাল আন্দাজ 10:00 টা নাগাদ বাদীনি তাঁহার ভাই সুখেন ঘোষকে লইয়া কিছু প্রয়োজনীয় জিনিষপত্র কিনিবার জন্য বেলিয়াতোড়ে আসেন । দৈবাৎক্রমে তথায় বাদীনির সহিত ১ নং আসামীর সাক্ষাৎ হইয়া যায় । বাদীনি তৎক্ষনাৎ টাকা ও জিনিষপত্র ফেরৎ দিতে এবং তাহাকে বিবাহ করিবার জন্য বলিলে সে বাদীনিকে অশ্লীল ভাষায় গালিগালাজ করে এবং তাহাকে প্রানে মারিয়া ফেলিবার হুমকী দেয় । ফলে বাদীনি মানসিকভাবে সম্পূর্নরূপে বিধ্বস্ত হইয়া পড়েন ।

৯) ১ নং আসামী ২ ও ৩ নং আসামীগনের সহিত ষড়যন্ত্রক্রমে বাদীনির চরম ক্ষতি করিয়াছে এবং তাঁহার আরোও ক্ষতি করিবার জন্য মরিয়া হইয়া উঠিয়াছে । এমতাবস্থায় বাদীনি ঘটনার বিষয় 01/09/2020 তারিখে লিখিতভাবে বেলিয়াতোড় থানার মাননীয় অফিসার-ইন-চার্জ, মাননীয় পুলিশ সুপার বাঁকুড়া এবং মাননীয় ইন্সপেক্টর-ইন-চার্জ, সাইবার ক্রাইম পুলিশ স্টেশন, বাঁকুড়া বরাবর রেজেস্ট্রী ডাক যোগে অভিযোগ পাঠাইয়াছেন, যাহা উপরোক্ত আধিকারিকগন যথাক্রমে গত ইংরাজী 03/09/2020 ও 02/09/2020 তারিখে যথারীতি প্রাপ্ত হইয়াছেন । কিন্তু অদ্যাবধি আসামীগনের বিরুদ্ধে কোনরূপ আইনী পদক্ষেপ গৃহীত না হওয়ায় বাদীনি হুজুরাদালতের দ্বারস্থ হইতে বাধ্য হইলেন এবং তৎকারনে অত্র অভিযোগ জানাইতে কিছু বিলম্ব হইল । বক্রী বাচনিকে প্রকাশ পাইবে ।

১০) প্রকাশ থাকে যে, বাদীনি একজন সাধারন পরিবারের মহিলা হইতেছেন । ইহা ব্যতীত ঘটনার বিষয় পুলিশ প্রশাসনের দ্বারা তদন্ত না হইলে প্রকৃত তথ্য প্রকাশ্যে আসিবে না এবং বাদীনির দ্বারা সাক্ষী সাবুদ ও তথ্য প্রমান সংগ্রহ করাও অত্যন্ত দুস্কর হইতেছে। এমতাবস্থায় যাহাতে বাদীনির অত্র অভিযোগপত্র ফৌজদারী কার্য্য বিধি আইনের ১৫৬(৩) ধারা মতে এফ. আই. আর. গন্য পূর্বক উপযুক্ত তদন্ত ও রিপোর্ট প্রদান এবং আসামীগনের সমুচিত শাস্তি প্রদানের নিমিত্ত বেলিয়াতোড় থানার মাননীয় অফিসার-ইন-চার্জ মহাশয় বরাবর প্রেরন করা হয় তাহার বিহিত আদেশ হওয়া

পরপৃষ্ঠা............৫

Scanned by CamScanner

রূপালী ঘোষ
৫ (স্বাক্ষর)



আবশ্যক । নচেৎ বাদীনির সমূহ ও অপূরনীয় ক্ষতিসাধন হইবে এবং তিনি ন্যায় বিচার হইতে বঞ্চিত হইবেন ।

## এমতে প্রার্থনা

উপরোক্ত বিবরন মূলে ন্যায় বিচারের স্বার্থে যাহাতে বাদীনির অত্র অভিযোগপত্র ফৌজদারী কার্য্য বিধি আইনের ১৫৬(৩) ধারা মতে এফ. আই. আর. গন্য পূর্বক উপযুক্ত তদন্ত ও রিপোর্ট প্রদান এবং আসামীগনের সমুচিত শাস্তি প্রদানের নিমিত্ত বেলিয়াতোড় থানার মাননীয় অফিসার-ইন-চার্জ মহাশয় বরাবর প্রেরন করা হয় তাহার বিহিত আদেশ দানে মর্জি হয় ।

Sl. No. 4792 Vol. No. 11 Dated 14 SEP 2020

BEFORE THE NOTARY OF BANKURA DISTRICT BANKURA COURT

NOTARY * GOVT. OF WEST BENGAL * Hafizur Rahman Bankura Sub-Division Reg. No.-45/2002 Exp. Date-28.08.2022

## এফিডেভিট

আমি রূপালী ঘোষ, পিতা- শ্রী সুবোধ ঘোষ, বয়স- ২৯+ বৎসর, জাতি- হিন্দু, পেশা- চাকুরী, সাকিম গ্রাম- গোস্বামীপুর, পোঃ ও থানা- বেলিয়াতোড়, জেলা- বাঁকুড়া, এতদ্বারা ধর্মতঃ প্রতিজ্ঞাপূর্বক কহিতেছি যে, আমি অত্র অভিযোগপত্রের বাদীনি হইতেছি । উপরোক্ত অভিযোগপত্রটি আমার কথা মতো লিখিত হইয়াছে এবং আমি অভিযোগপত্রের বিষয়বস্তু সম্বন্ধে সবিশেষ অবগত আছি এবং অত্র লিখিত অভিযোগের বিবরন সমূহ আমার জ্ঞান মতে সত্য, কোন অংশ মিথ্যা নহে, কোন কথা গোপন করি নাই । মোকর্দ্দমার তদন্ত ও সাক্ষ্য প্রদান কালে আমি অভিযোগপত্রের স্বপক্ষে বক্তব্য ও সাক্ষ্য প্রদান করিতে বাধ্য রহিলাম । অত্র লিখিত অভিযোগপত্র এবং এফিডেভিটের লিখিত বিবরন পড়িয়া বুঝিয়া আমার নিজ নাম সহি করিলাম।

সহি ঃ- রূপালী ঘোষ

Solemnly affirmed and declared before me on identification

HAFIZUR RAHMAN
NOTARY
GOVT. OF W.B.
REGN. NO.- 45/2002
BANKURA COURT
P.O. & DIST-BANKURA

14 SEP 2020

এফিডেভিটকারীনিকে আমি জানি ও চিনি এবং তিনি আমার সাক্ষাতে নিজ নাম সহি করিলেন ।

Ajit Kumar Auluck

এ্যাডভোকেট, বাঁকুড়া
14/09/2020

রূপালী ঘোষের কথা মতো টাইপ করার পর তিনি পড়িয়া মর্ম্ম অবগত হইয়া নিজ নাম সহি করিলেন ।

শুভজিৎ মিত্র

শুভজিৎ মিত্র, ল' ক্লার্ক, বাঁকুড়া কোর্ট
14/09/2020

Scanned by CamScanner